ইউনিভার্সাল লাইফলাইন টেলিফোন সার্ভিসেস

Õ±Âóò±Âõ ÷±¿üßÁ Îô±ò ¿Âõù ¿ðËÎÂ ¿ßÁ ßÁ© ýË26·



কম্যুনিটিস ফর টেলিকম রাইটস

ইউনিভার্সাল লাইফলাইন সার্ভিস কি?
ইউনিভার্সাল লাইফলাইন টেলিফোন সার্ভিস দেবে নিম্ন আয়ের পরিবারদের* জন্য স্থানীয় ফোন বিলে ছাড়। ক্যালিফোর্নিয়ার সব স্থানীয় ফোন কোম্পানিকে যথাযোগ্য গ্রাহকদের ULTS দিতে হয়।

আমি কি ULTS পেতে পারি?
ULTS পাওয়ার যোগ্য বিবেচিত হওয়ার জন্য আপনার পরিবারের কর - পূর্ব উপার্জন হওয়া উচিত ঃ

এই সংখ্যাক্রম 31 মে 2003 পর্যন্ত প্রযোজ্য ও পরিবর্তন সাপেক্ষ

লাইফলাইন সার্ভিস পাওয়ার উপযুক্ত বিবেচিত হওয়ার জন্য নিম্নোক্ত শর্তগুলিও পূরণ করা প্রয়োজন ঃ

- যেখানে ULTS এর জন্য আবেদন করছেন সেই বাড়িতে আপনার বসবাস করতে হবে।
- অন্য কোনো ব্যক্তির আয়কর রিটার্নে আপনি নির্ভরশীল* হবেন না।

আমার পরিবারের সদস্যসংখ্যা আটের বেশী হলে কি হবে?
আপনার পরিবারের সদস্য বেশী হলে প্রতিটি অতিরিক্ত মানুষের জন্য $ 4,600 যুক্ত করে দিন।

ULTS তে কি ধরণের ফোন পরিষেবা পেতে পারি?

ULTS গ্রাহক কিছু ছাড়সহ বাড়ির ফোন সেবা পেতে পারে, এতে রয়েছে ঃ

পরিষেবা	বর্ণনা	খরচ
ফ্ল্যাট — রেট স্থানীয় ফোন পরিষেবা	অসংখ্য কল ও ডায়রেক্টবির সাহায্যসহ তিনটে কল (যতগুলি ইচ্ছে স্থানীয় কল করতে পারেন)	মাস প্রতি হয় $ 5.34 এর কম কিংবা ফোন কোম্পানির ফ্ল্যাট রেট স্থানীয় ফোন পরিষেবা ½
পরিমিত স্থানীয় ফোন পরিষেবা	প্রতি মাসে 60 টি স্থানীয় কল এবং 60 টি কলের পর প্রত্যেকটা কলে $ 0.08 এবং 3 টি ডায়রেক্টরির সাহায্যসহ কল (প্রতিদিনে 3 টের কম কল করলে আপনার জন্য পরিমিত স্থানীয় ফোন পরিষেবাই যথার্থ)।	প্রতিমাসে $ 2.85 র কম অথবা ফোন কোম্পানির বাড়ির জন্য পরিমিত স্থানীয় ফোন পরিষেবার ½

সেবা পরিবর্তন বা শুরু করার জন্য $10 বা ফোন কোম্পানি যে মূল্য দাবি করে তার ½, যেটা কম হয়।

আমি কিভাবে ULTS এর সঙ্গে যুক্ত হব?
আপনার স্থানীয় ফোন কোম্পানিতে যোগাযোগ করে জানান যে আপনি ULTS পাওয়ার যোগ্য। আপনি যাতে ULTS এর যোগ্য "প্রতিপন্ন" করতে পারেন তাই ফোন কোম্পানি আপনাকে "স্বয়ং প্রতিপন্ন*" করতে দেবে অর্থাৎ আপনাকে আয়ের প্রমাণ পেশ করতে হবে না। **তবে মনে রাখবেন!** যখন স্বয়ং প্রতিপন্ন করবেন কোম্পানি ULTS এর জন্য সেখানে গিয়ে তার সত্যতা যাচাই করতে ও পরিবারের আয়ের প্রমাণ চাইতে পারে। চিন্তার কারণ নেই, আপনার আয় যাচাই করা তাদের একমাত্র উদ্দেশ্য, তারা অন্য কোনো ব্যক্তিগত তথ্য জানতে চাইবে না।

আপনার স্থানীয় কম্যুনিটি বেসড অর্গানাইজেশনের (CBO) সঙ্গে যোগাযোগ করুন

সক্রিয় হয়ে উঠুন!

*পরের পৃষ্ঠায় শব্দকোষ দেখুন

ULTS কিভাবে বজায় রাখব ?

প্রতি বছর আপনার ফোন কোম্পানি পুনরায় প্রতিপাদনের* ফর্ম পাঠাবে। এই ফর্ম ফোন বিলের সঙ্গে পাঠানো হবে না। ফর্ম পাওয়া মাত্র মনে করে সেটা পূরণ করে আপনার টেলিফোন কোম্পানিকে ফেরত পাঠিয়ে দিন। ফেরত না পাঠালে ULTS এ ছাড় পাবেন না।

প্রতিবন্ধীরা দুটি ছাড়সহ ULTS পেতে পারেন

আপনি বা আপনার পরিবারের কেউ বধির হলে বা কানে কম শুনলে, আপনি দুখানা ULTS লাইনের যোগ্য বিবেচিত হতে পারেন যদি ঃ

1] পরিবারটি ULTS এর যোগ্যতার সব শর্ত পূরণ করেন।

2] পরিবারের সদস্য প্রতিবন্ধী এবং ক্যালিফোর্নিয়া টেলিফোন অ্যাকসেস প্রোগ্রামে (CTAP) তার প্রতিবন্ধী অবস্থার মেডিকাল সার্টিফিকেট জমা করেছে যাতে প্রতিপন্ন করা হয়েছে যে ঃ

a) সে লাইসেন্সপ্রাপ্ত ডাক্তার, অডিওলজিস্ট বা যোগ্যতাপ্রাপ্ত রাজ্য সংগঠন দ্বারা প্রতিপাদিত বধির বা শ্রবণশক্তি কম, এবং

b) তার TTY (টেক্সট টেলিফোন) বা 'ভয়েস ক্যারিওভার (VCO) যন্ত্র চাই, এবং

3] এবং প্রতিবন্ধী ব্যক্তির পরিবারে TTY বা VCO আছে।

4] প্রতিবন্ধী ব্যক্তির কাজে "3-ওয়ে কলিং" ফোন পরিষেবা আছে।

ক্যালিফোর্নিয়া টেলিফোন অ্যাকসেস প্রোগ্রাম (www.ddtp.org) কানে কম শোনে, দৃষ্টিশক্তি, চলাফেরা বা কথা বলায় সমস্যাগ্রস্তদের ফোনের যন্ত্রপাতি ও পরিষেবা প্রদান করে।

ইংরেজিঃ

ফোন ঃ (800) 806-1191
টিটিওয়াই ঃ (800) 806-4474

স্প্যানিশ ঃ

ফোন ঃ (800) 949-5650
টিটিওয়াই ঃ (800) 896-7670

জরুরী নির্দেশ !

♦ ULTS এ ফোন সেট অন্তর্ভুক্ত নয়। আপনাকে নিজের ফোন সেট কিনতে হবে।

♦ স্থানীয় ফোন কোম্পানিতে যোগাযোগ করে যখন ULTS — এ যোগ দেওয়ার কথা বলবেন, তারা হয়ত জিজ্ঞাসা করবে আপনি কল ওয়েটিং, কলার আইডি ও ভয়েসমেল ইত্যাদিতে আগ্রহী কি না। সাবধান !

♦ এসব অতিরিক্ত সেবা গ্রহণ করলে আপনাকে বেশী মূল্য দিতে হবে।

♦ ULTS এ দূর পাল্লায় ফোনের সুবিধা নেই।

♦ ULTS এর গ্রাহকদের কোনো অর্থ জমা করতে হয় না।

শব্দকোষ (অভিধান)

পরিবার- যে পরিবার দলবদ্ধভাবে একত্র থাকে। তবে এক বা একাধিক পরিবার যদি একটা বাড়ি, অ্যাপার্টমেন্ট বা অন্য বাসস্থানে একসঙ্গে থাকে, প্রতিটি পরিবার ULTS পাওয়ার যোগ্য।

নির্ভরশীল — কেউ আপনাকে আর্থিক অবলম্বন দিলে আপনি তার "নির্ভরশীল" হয়ে যাবেন। কেউ তার আয়করের ফর্মে আপনার নাম নির্ভরশীল হিসাবে চিহ্নিত করলে আপনি নির্ভরশীল গণ্য হবেন।

স্বয়ং প্রতিপাদন- এতে আপনি স্বাক্ষর সহ প্রতিপাদন করবেন যে আপনার আয় সার্টিফিকেটের ফর্মের শর্ত পূরণ করছে, এর জন্য আপনাকে কোনো প্রমাণ বা কাগজপত্র পেশ করতে হবে না।

পুনরায় প্রতিপাদন করা - যে দলিলে আপনাকে জানাতে হবে যে আপনি এখনও ULTS পাওয়ার যোগ্য, যাতে আপনার ULTS পরিষেবা অক্ষুন্ন থাকে।

- আপনি ULTS এর যোগ্য হলে সম্ভবত ক্যালিফোর্নিয়া অলটারনেট রেট ফর এনার্জি (CARE) নামক এনার্জি প্রোগ্রামেরও যোগ্য। কেয়ার প্রোগ্রাম আপনার গ্যাস ও বিদ্যুত বিলে ছাড় দেয়। কেয়ার সম্বন্ধে আরো তথ্যের জন্য http://www.cpuc.ca.gov/static/cpuc+and+consumers/helpdesk/energy/care.htm দেখুন বা আপনার গ্যাস বা বিদ্যুৎ কোম্পানির সঙ্গে যোগাযোগ করুন।